

দড়ির উপর হাঁটা

দড়ির উপরে খুব সাবধানে দেখাতে হয়
সার্কাসে ব্যালাঙ্গের খেলা
একটু এদিক ওদিক হলেই সব কেঁরদানি মাটি
গ্যালারির হাজারো দর্শক দুয়ো দেবে
আরে ছেঃ
এই ব্যালাঙ্গের খেলাতেই ঝুঁকি সবার চেয়ে বেশি
থাকত যদি একটা টুকি কিংবা প্যারাসোল
ভাবনার কিছু ছিল না
এরিনার পাশে যারা বসে আছে
ওরা তোমাকে ছেড়ে দেবে না
পয়সা উশুল না হলে
চারদিক থেকে শুনবে টিট্কিরি
আরে ছেঃ

সার্কাসের তাঁবুতে এসে ধাক্কা দিচ্ছে
কনকনে শীতের হাওয়া
আর ভিতরে দড়ির ওপর তুমি ঘামছো
শীত গ্রীষ্ম দেখলে তোমার চলে না
তুমি দর্শকদের কাছে বাঁধা পড়ে আছো
ওই খাঁচায় - পোরা বাঘের মতোই
যতই তুমি নিজেকে শিল্পী মনে করো
যারা পয়সা দিয়ে খেলা দেখতে এসেছে
তারা চায় নগদবিদায়
তুমি পড়ে গেলেই ওদের খর জিভ
সমালোচনায় ফালা ফালা করে দেবে তোমাকে
আরে ছেঃ

সাবধানে হাঁটো, নিজেকে সামলে চলো
নিচে জাল পাতা নেই
বুঝতেই পারছো কী পরিণতি হতো পারে
যদি খেলায় ভুল করো।

কৃষ্ণ ধর



